

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নুরুল ইসলাম

১০২. কী কী কাজের পরে গোসল করা মুস্তাহাব?

- ১. মৃত ব্যক্তি গোসল দেওয়ার পর
- আবু হোরায়রা (রা) বলেন, "যে ব্যক্তি কোন মাইয়্যেতকে গোসল দেয়, সে যেন এরপর নিজে গোসল করে নেয়।" (আবু দাউদ: ৩১৬১, আহমাদ- ২/২৮০)
- ২. বেহুশ হয়ে গেলে জ্ঞান ফিরে পাওয়ার পর একবার রাসূলুল্লাহ (স) হুঁশ হারিয়ে ফেলেছিলেন। অতঃপর জ্ঞান ফিরে এলে তিনি গোসল করে নিয়েছিলেন। (এ বিষয়ে দেখুন, বুখারী: ৬৮৭)।
- ৩. শিঙ্গা লাগানোর পর আয়েশা (রা) বলেন, রাসূলুল্লাহ (স) চারটি কাজে গোসল করতেন, ক, বড় নাপাক হলে, খ. জুমু'আর দিনে, গ. শিঙ্গা লাগালে এবং ঘ. মৃত ব্যক্তিকে গোসল দিলে । (আবু দাউদ: ৩১৬০)।

গোসল সংক্রান্ত বিষয়ে কিছু লজ্জাজনক কথা

মেয়েদের বয়স ১২ বা ১৩ এবং ছেলেদের বয়স ১৫ বা ১৬ বছরে উপনীত হলে তারা তখন বালেগ-বালেগা হয়। তখন তাদের মধ্যে দৈহিক পরিবর্তনসহ কিছু আলামত দেখা দেয় । যেমন, দাড়ি-গোফ উঠা, লজ্জাস্থানে চুল গজানো, মেয়েদের স্তন বৃদ্ধি পাওয়া ও মাসিক ঋতুস্রাব শুরু হওয়া, যৌন অনুভূতির উপলব্ধি ও স্বপ্পদোষ ইত্যাদি আরো অন্যান্য ব্যাপার। এসব বিষয়ে শরীআতের এমন কিছু মাসআলা-মাসাইল জড়িত, যা এ বয়সের প্রত্যেক মুসলিম বালক-বালিকার জন্য অতীব গুরুত্বপূর্ণ। এগুলোতে কেউ অজ্ঞ থেকে গেলে বড় ধরনের নাপাকীর মধ্যে থেকে যেতে পারে। ফলে তার নামায-রোযা ও অন্যান্য ইবাদত কবুল হবে না। এ থেকে আমাদের নতুন প্রজন্মকে জ্ঞান দেওয়া একটি অপরিহার্য কর্তব্য। যদিও এসব বিষয়ে লেখা বা বলা অনেক ক্ষেত্রেই লজ্জাকর বিষয়। কিন্তু আল্লাহর বিধান মেনে চলার জন্য, হারাম ও অপবিত্রতা থেকে মুসলিম তরুণ-তরুণী ও যুবক-যুবতীদের হেফাযতের উদ্দেশ্যে একান্ত প্রয়োজন বিধায় এ জাতীয় কিছু মাসআলা এখানে তুলে ধরছি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12839

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন